দৈনিক
ইনকিলাব

তারিখ ... 2·R·APR·20·3 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

# শিক্ষা প্রকল্পের টাকা আত্মসাতের প্রতিবাদ করায় যুবক খুন

স্টাফ রিপোর্টার ঃ গোপালগঞ্জ চরভাটপাড়া উচ্চ বিদ্যালয়ের ফিমেল সেকেন্ডারী এডুকেশন প্রকল্পের টাকা আত্মসাতের ঘটনার প্রতিবাদ করায় স্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলামের লোকজন স্থানীয় এলজিইডি'র কার্য সহকারী মোস্তাফিজুর রহমানকে (সোনা) নির্মমভাবে হত্যা করেছে। শুধু তাই নয়, হত্যা ঘটনা ধামাচাপা দিতে ঘাতক চক্র বিপুল অংকের টাকা ব্যয় করে ইতিমধ্যেই মামলাটি বিধি বহির্ভূতভাবে সিআইডিতে পাঠিয়েছে। প্রায় এক মাস হতে চললেও সিআইডি এ ব্যাপারে নীরব। উপরন্তু ঘাতকরা প্রকাশ্যে সাক্ষীসহ নিহতের পুরো পরিবারকে হত্যার হুমকি দিয়ে চলেছে। নিহতের পিতা অবসরপ্রাপ্ত প্রাইমারী শিক্ষক মোশারেফ হোসেন গতকাল (রবিবার) বিকেলে ঢাকা রিপোর্টার্স ইউনিটি অফিসে আহূত এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন। এ সময় নিহত মোস্তাফিজের স্ত্রী লিটু বেগম, নাবালিকা ২ কন্যা সন্তান [illegible] ও সেতু এবং চাচাতো ভাই শেখ মোঃ সেলিম উপস্থিত ছিলেন।